



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫০৮/মাধ্য-পরী/২০০০/২২৭১

তারিখ : ২৪/০১/২০২৪ খ্রি.

বিষয়: ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার উত্তরপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার উত্তরপত্র প্রতিদিন পরীক্ষা শেষে ঐ দিনই ঢাকা শিক্ষা বোর্ডে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে তিনি নিজে অথবা প্রাধিকারপ্রাপ্ত শিক্ষক মারফত পুলিশ প্রহরাসহ নিরাপদ হেফাজতে প্রেরণের ব্যবস্থা করতে হবে অথবা সময় উল্লেখ করে রেলওয়ে পার্শ্বলে ঐ দিনই প্রেরণের ব্যবস্থা করতে হবে। যদি হাতে হাতে অথবা রেলওয়ে পার্শ্বলে পরীক্ষার দিন প্রেরণ সম্ভব না হয় তাহলে প্রতিদিন পরীক্ষার শেষে সময় উল্লেখপূর্বক উত্তরপত্রভর্তি বস্তা/প্যাকেট/বাক্স সিলগালা করে থানা হেফাজতে মালখানায় রাখতে হবে এবং নিম্নে বর্ণিত তারিখসমূহে থানার মালখানা থেকে (সময় উল্লেখপূর্বক) বের করে সিলগালা না ভেঙ্গে থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় নিরাপদ হেফাজতে তিনি নিজে অথবা কোন দায়িত্বপ্রাপ্ত শিক্ষক (পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ডাকযোগে বা অন্য কোন ব্যবস্থায় প্রেরণ করা যাবে না।

উত্তরপত্র প্রেরণের তারিখ:

২৩/০২/২০২৪, শুক্রবার (প্রথম কিস্তি) : ১৫/০২/২০২৪, ১৮/০২/২০২৪, ২০/০২/২০২৪ ও ২২/০২/২০২৪ তারিখ সমূহের পরীক্ষার সকল উত্তরপত্র।

০৪/০৩/২০২৪, সোমবার (দ্বিতীয় কিস্তি) : ২৫/০২/২০২৪, ২৭/০২/২০২৪, ২৮/০২/২০২৪, ২৯/০২/২০২৪ ও ০৩/০৩/২০২৪ তারিখ সমূহের পরীক্ষার সকল উত্তরপত্র।

১৫/০৩/২০২৪, শুক্রবার (তৃতীয় কিস্তি) : ০৫/০৩/২০২৪, ০৬/০৩/২০২৪, ০৭/০৩/২০২৪, ১০/০৩/২০২৪, ১১/০৩/২০২৪ ও ১২/০৩/২০২৪ তারিখ সমূহের পরীক্ষার সকল উত্তরপত্র।

 28.01.24

প্রফেসর মোঃ আবুল বাশার


পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

কেন্দ্র সচিব

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২৪


24.1.2024